

# যুগান্তর

প্রিন্ট: ২৩ নভেম্বর ২০২৫, ০২:৪৩ পিএম

শিক্ষাঙ্গন

## সরকারি স্কুলে ভর্তির আবেদন শুরু



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২১ নভেম্বর ২০২৫, ১২:০৬ পিএম



ছবি: সংগৃহীত

দেশের সরকারি স্কুলগুলোতে ২০২৬ শিক্ষাবর্ষে প্রথম থেকে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির আবেদন শুক্রবার (২১ নভেম্বর) বেলা ১১টা থেকে শুরু হচ্ছে। আবেদন করা যাবে আগামী ৫ ডিসেম্বর বিকেল ৫টা পর্যন্ত— অনলাইনে **gsa.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে। প্রতিটি আবেদনের ফি নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) ভর্তির বিস্তারিত নিয়মাবলি প্রকাশ করেছে।

### আবেদনের প্রধান নিয়মাবলি

ওয়েবসাইটে গিয়ে নির্দেশনা অনুসারে অনলাইনে ফরম পূরণ করতে হবে।

কোটা (মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী ইত্যাদি) পাওয়ার দাবি থাকলে সংশ্লিষ্ট বাক্সে অবশ্যই টিক (✓) দিতে হবে, না হলে কোটা বিবেচনায় আসবে না।

আবেদনকারীর রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল, JPEG ফরম্যাট) আপলোড করতে হবে।

ফরম সাবমিট করার পর ছবিসহ Applicant's Copy প্রিন্ট বা ডাউনলোড করে রাখতে হবে।

এই কপিতে থাকা User ID দিয়ে ফি পরিশোধ করতে হবে।

### এসএমএসের মাধ্যমে ফি প্রদানের নিয়ম

১. প্রথম এসএমএস : GSA <space> User ID লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ: GSA ABCDEF → Send to 16222

২. ফিরতি এসএমএসে আবেদনকারীর নাম ও PIN পাঠানো হবে।

৩. দ্বিতীয় এসএমএস : GSA YES PIN লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

### সতর্কতা

একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে বা অসদুপায় গ্রহণের প্রমাণ মিললে আবেদন বাতিল করা হবে। আবেদনপত্রে দেওয়া তথ্যই পরবর্তী সব কার্যক্রমে ব্যবহার হবে, তাই তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে।

ভর্তি-বিষয়ক বিস্তারিত নিয়ম, নীতিমালা ও বিদ্যালয়ভিত্তিক আসন সংখ্যা সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশ বোর্ড অথবা **gsa.teletalk.com.bd** ওয়েবসাইট থেকে জানা যাবে।